



Embassy of the People's Republic of Bangladesh Bangkok

কম্বোডিয়ায় অবস্থানরত আটকেপড়া বাংলাদেশি নাগরিকগণের জন্য বিজ্ঞপ্তি

কম্বোডিয়ায় বসবাসরত ও আগত আটকেপড়া বাংলাদেশি নাগরিকগণ যারা বাংলাদেশে ফেরত যেতে অগ্রহী তাদের জন্য বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক ও পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা বাংলাদেশ বিমানের একটি বিশেষ ফ্লাইট নমপেন-ঢাকা রুটে আগামী ০৭ জুলাই ২০২০ তারিখে পরিচালনার জন্য পরিকল্পনা গ্রহণ করেছে। এ ব্যাপারে ইতোমধ্যে কম্বোডিয়ায় বাংলাদেশ কমিউনিটির সাথে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপন করা হয়েছে।

০২। যারা উক্ত বিশেষ বিমানে বাংলাদেশে ফেরত যেতে অগ্রহী তাদেরকে আগামী ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে বিমান বাংলাদেশ অফিস, ঢাকা ও বাংলাদেশ দূতাবাস, ব্যাংককের নিম্নোক্ত ই-মেইল সমূহে পাসপোর্ট ও ভিসা কপিসহ সংযুক্ত ফরম পূরণ করে পাঠানোর জন্য অনুরোধ করা হলো।

sms@bdbiman.com

mission.bangkok@mofa.gov.bd

০৩। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদন পাওয়া গেলে বাংলাদেশ বিমানের ব্যাংক একাউন্টে টাকা জমা দিয়ে টিকেট ক্রয় করা যাবে। বিমান বাংলাদেশ অফিস, ঢাকা কর্তৃক ধার্যকৃত টিকেট মূল্য জনপ্রতি ৪২,৫২১.০০ (বিয়াল্লিশ হাজার পাঁচশত একুশ) টাকা মাত্র। ব্যাংক একাউন্ট নম্বর ও এসংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি যথাসময়ে জানানো হবে।

- সংযুক্ত ফরম



(মোহাম্মদ নাজমুল হক)
কাউন্সেলর

Muhammad Nazmul Hossain
28/06/2020

বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক, থাইল্যান্ড
<http://bdembassybangkok.org>

বিষয়: বাংলাদেশে ফেরত যেতে ইচ্ছুক (কোভিড-১৯ এর কারণে) আটকেপড়া বাংলাদেশি নাগরিকের তথ্যাবলি।

ক্রমিক নং	বিষয়	
১	আবেদনকারীর নাম	
২	কম্বোডিয়ায় ব্যবহৃত মোবাইল নম্বর	
৩	পাসপোর্ট নং ও মেয়াদ	
৪	ভিসার প্রকৃতি ও মেয়াদ	
৫	বাংলাদেশ হতে যার সহযোগিতায় কম্বোডিয়ায় এসেছেন তাঁর নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর	
৬	কম্বোডিয়ায় প্রবেশের উদ্দেশ্যে কোন্ দেশের এবং কোন্ বিমান বন্দর হতে কম্বোডিয়ায় এসেছেন?	
৭	কম্বোডিয়ায় আগমনের উদ্দেশ্য ও তারিখ	
৮	কম্বোডিয়ায় চাকুরীদাতা কন্সট্রাকশন কোম্পানীর নাম, মালিকের নাম ও ঠিকানা (যদি থাকে)	
৯	নিজ খরচে দেশে ফেরত যেতে ইচ্ছুক কী না?	
১০	বিএমইটির স্মার্ট কার্ড নম্বর (যদি থাকে)	
১১	মন্তব্য	

আবেদনকারীর নাম:
স্বাক্ষর:
তারিখ: